

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।

www.acl.austagram.kishoreganj.gov.bd

স্মারক নংঃ ৩১.৪১.৪৮০২.০০০.৯৯.০০১.২০২১-৫৩১

তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রি.

গণবিজ্ঞপ্তি

বিষয়ঃ ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত।

এতদ্বারা অষ্টগ্রাম উপজেলার সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল ভূমি মালিকগণের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ভূমি মালিকগণ ৩ বছর বা তার অধিককাল যাবৎ ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করেননি তাদেরকে অতিসত্বর অনলাইনে www.ldtax.gov.bd ওয়েবসাইট ব্যবহার করে (কোন কারণে অনলাইনে খাজনা পরিশোধ পদ্ধতি বোধগম্য না হলে স্ব-স্ব ইউনিয়ন ভূমি অফিস হতে পরামর্শ গ্রহণ করা যাবে) হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা পরিশোধ করার জন্য বলা হলো। অন্যথায়, সরকারি দাবী আদায়ের স্বার্থে ০১-০৩ বছরের অনাদায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হবে এবং যে সকল ভূমি মালিকগণের ০৩ (তিন) বছরের উর্ধ্বে ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক ভূমি খাসকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারী করা হলো।


১৯/১১/২০২৩

(মোঃ উবায়দুর রহমান সাহেল)
সহকারী কমিশনার (ভূমি)
অষ্টগ্রাম, কিশোরগঞ্জ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ।
- ৫। ইউনিয়ন ভূমি সহকারী/ উপ-সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৬। অফিস কপি/ মাস্টার কপি।